



# ইরানরে পারমাণবকি কর্মসূচি ত্যাগে যুক্তরাষ্ট্ররে আহ্বান প্রত্যাখ্যান রাশিয়ার

লেখক: প্রকাশক | প্রকাশিত: 04 October 2026, 09:43 AM | বিভাগ: আন্তর্জাতিক



ইরানরে পারমাণবকি কর্মসূচি পুরোপুরি পরিত্যাগে জন্য যুক্তরাষ্ট্ররে আহ্বান প্রত্যাখ্যান করছে রাশিয়া। দশেটি বলছে, শান্তিপূর্ণভাবে পারমাণবকি শক্তি ব্যবহারে অধিকার ইরানরে রয়েছে এবং এ কর্মসূচি বন্ধে তেহরানকে বাধ্য করা যায় না।

আন্তর্জাতিক পরমাণু শক্তিসংস্থায় (আইএইএ) নথিকৃত রাশিয়ার প্রতিনিধি মিখাইল উলিয়ানভ শুব্বার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে যুক্তরাষ্ট্ররে অবস্থানের সমালোচনা করেন।

উলিয়ানভ বলেন, পারমাণবকি কর্মসূচি পরিত্যাগে ইরানকে বাধ্য করা সম্ভব নয়। পারমাণবকি শক্তির শান্তিপূর্ণ ব্যবহারে অধিকার দশেটির রয়েছে। তাঁর অভিযোগ, পারমাণবকি অস্ত্র বিস্তার রোধ এবং আইএইএ-এর কার্যক্রম সম্পর্কে ভুল ধারণার ভিত্তিতে ইরান ইস্যুতে অবস্থান নিয়েছে যুক্তরাষ্ট্ররে বর্তমান প্রশাসন।

জাতিসংঘে নথিকৃত মার্কনি রাষ্ট্রদূত মাইক ওয়াল্টজের বক্তব্যের জবাবে এসব মন্তব্য করেন রুশ প্রতিনিধি ওয়াল্টজ অভিযোগ করছেন, ইরান আন্তর্জাতিক নিয়ম লঙ্ঘন করেছে এবং বিশ্বাসযোগ্য

বসোমরকি প্রয়োজন ছাড়াই ৬০ শতাংশ পর্যন্ত ইউরেনিয়াম সমৃদ্ধ করেছে।

ইরান দীর্ঘদিন ধরে দাবি করে আসছে, তাদের পারমাণবিক কর্মসূচি উদ্দেশ্য সম্পূর্ণ শান্তিপূর্ণ। তেহরানে বক্তব্য, পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তি (এনপিটি) অনুযায়ী শান্তিপূর্ণভাবে পারমাণবিক শক্তি ব্যবহারের অধিকার তাদের রয়েছে।

ইরানের দাবি, দুই দশকেরও বেশি সময় ধরে আন্তর্জাতিক পর্যবেক্ষণ ও পরিদর্শন চললেও পারমাণবিক উপাদান সামরিক কাজে সরিয়ে নেওয়ার কোনো প্রমাণ পাওয়া যায়নি। তবে দেশটির ইউরেনিয়াম সমৃদ্ধকরণে মাত্রা এবং পারমাণবিক কর্মসূচি ভবিষ্যৎ উদ্দেশ্য নিয়ে যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের উদ্বেগে রয়েছে।

## আইএইএ-এর সঙ্গে সহযোগিতা স্থগতিরে সন্ধানত

২০২৫ সালের সংঘাতের পর ইরানের পার্লামেন্ট আইএইএ-এর সঙ্গে সহযোগিতা স্থগতিরে জন্য সরকারকে নির্দেশ দিয়ে একটি আইন পাস করে। ওই আইনে ইরানের পারমাণবিক স্থাপনা ও শান্তিপূর্ণ পারমাণবিক কার্যক্রমের নিরাপত্তা নিশ্চিতি না হওয়া পর্যন্ত আইএইএ-এর পরিদর্শকদের প্রবেশের অনুমতি না দেওয়ার বন্দী রাখা হয়।

ইরানের ভাষ্য, আইএইএ-এর একটি প্রস্তাব এবং পারমাণবিক স্থাপনায় হামলার নিন্দা জানাতে সংস্থাটির ব্যর্থতার পরিপ্রেক্ষিতে এ সন্ধানত নেওয়া হয়েছিল।

ইরানের জ্যেষ্ঠ কর্মকর্তারা এরই মধ্যে জানিয়েছেন, দেশটির পারমাণবিক কর্মসূচি ও ক্షপেণাস্ত্র সক্ষমতা আলোচনার বিষয় নয়।

## ইরানের পক্ষে চীনের অবস্থান

ইরানের শান্তিপূর্ণ পারমাণবিক শক্তি ব্যবহারের অধিকারকে সম্মান করার আহ্বান জানিয়ে চীনও। জাতিসংঘে চীনে উপ-স্থায়ী প্রতিনিধি সুন লহে বৃহস্পতিবার বলেন, শান্তিপূর্ণভাবে পারমাণবিক শক্তি ব্যবহারের ক্ষেত্রে ইরানের বৈধ অধিকারকে সম্মান করা উচিত।

একই সঙ্গে ইরানের পারমাণবিক ইস্যুর রাজনৈতিক ও কূটনৈতিক সমাধানের ওপর জোর দিয়েছে বইজিং।

এদিকে, ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে যুক্তরাষ্ট্র ও তেহরানের মধ্যে মতবিরোধ অব্যাহত রয়েছে। সাম্প্রতিক উত্তেজনার মধ্যেও আলোচনার সম্ভাবনা নাকচ করেনি ইরান। তবে তেহরানের অবস্থান, যেকোনো আলোচনায় দেশটির অধিকার ও সার্বভৌমত্বকে সম্মান করতে হবে।

